

22199 - রোযাদারের চোখে ড্রপ দেয়ার বিধান

প্রশ্ন

চোখের ড্রপের তিক্ত স্বাদ যদি গলায় ঢুকে যায় তাহলে কি রোযা ভেঙ্গে যাবে? যদি রোযা ভেঙ্গে যায় তাহলে যে নারী চোখে ড্রপ দিয়ে দিনের বেলায় ঘুমিয়ে পড়েছে, সে জানে না যে, সে কি গিলে ফেলেছে; নাকি গিলেনি— এর হুকুম কী হবে?

প্রিয় উত্তর

চোখের ড্রপ কি রোযা নষ্ট করবে; নাকি করবে না— এ নিয়ে আলেমগণ মতভেদ করেছেন। শাইখুল ইসলাম ইবনে তাইমিয়া (রহঃ) ও শাইখ বিন উছাইমীন (রহঃ) এর মনোনীত অভিমত হচ্ছে— চোখের ড্রপ রোযা নষ্ট করবে না।

শাইখ বিন উছাইমীন বলেন: শাইখুল ইসলাম ইবনে তাইমিয়া (রহঃ) এর অভিমত হচ্ছে—সুরমা লাগানো রোযাকে নষ্ট করে না। এমনকি সুরমার স্বাদ যদি গলায় পৌঁছে যায় তবুও। তিনি বলেন: যেহেতু এটাকে পানাহার আখ্যায়িত করা হয় না। কিংবা এটি পানাহারের স্থলাভিষিক্তও নয়। পানাহারের মাধ্যমে যা অর্জিত হয় এটার মাধ্যমে তা অর্জিত হয় না। এবং নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম থেকে সহিহ ও সুস্পষ্ট অর্থবোধক এমন কোন হাদিস নাই যা প্রমাণ করবে যে, সুরমা দেয়া রোযা নষ্টকারী। মূল অবস্থা হল— রোযা ভঙ্গ না হওয়া এবং ইবাদত ক্রটিমুক্ত থাকা যতক্ষণ পর্যন্ত না ইবাদতকে নষ্টকারী কিছু আমাদের কাছে সাব্যস্ত হয়। শাইখুল ইসলাম (রহঃ) যে অভিমত ব্যক্ত করেছেন সেটাই সহিহ। এমনকি কেউ যদি তার গলার ভেতরে এর স্বাদ অনুভব করে তবুও। শাইখুল ইসলাম ইবনে তাইমিয়ার এ অভিমতের ভিত্তিতে কেউ যদি রোযা রেখে তার চোখে ড্রপ দেয় এবং গলার ভেতরে এর স্বাদ পায় তাহলে এ কারণে তার রোযা ভঙ্গবে না। [আল-শারহুল মুমতি (৬/৩৮২)]